



অন্তরা মালী



মনোজ বাজপাই

## রোড রেডি

আগস্টের যেকোনো শুক্রবার মুক্তি পাবে আরেকটি রামগোপাল ভার্মা ফিল্ম 'রোড'। তার আগের ছবি 'কম্পানী' হিট। সে ছবির দুই উঠতি তারকা বিবেক ওবেরয় এবং অন্তরা মালীকে রাম গোপাল ভার্মা এ ছবিতে নিয়েছেন অনেকটা প্রধান চরিত্রে। এ দু'জনই রামুজীর প্রিয় পাত্র-পাত্রীতে পরিণত হয়েছেন। ছবির আরেক প্রিয় পাত্র হচ্ছেন মনোজ বাজপাই। 'ছবিতে আমার চরিত্র একটু ভিন্নধর্মী। চরিত্রটা হিউমারাস, রোমান্টিক, ফ্রেডলি এবং ইমোশনাল। একই সঙ্গে একটু পাগলাটে ধরনের চরিত্রও, যার কারণে ছবিতে আমাকে একটু ইন্টারেস্টিং মনে হবে'— তার চরিত্র সম্পর্কে বলেন মনোজ। আর ডেবু ফিল্ম 'কম্পানী'র পর দ্বিতীয় ছবিতেই বিগব্রেক পাওয়া অন্তরা মালী তার চরিত্র নিয়ে বেশ আত্মবিশ্বাসী। অন্তরা বলেন, 'কম্পানী'র চেয়ে 'রোড' ছবিতে আমার চরিত্রটা গ্ল্যামারাস। চরিত্রটিতে অভিনয় করতে গিয়ে আমি খুব এনজয় করেছি আর আমি আমার বেস্ট অ্যাফোর্ড দিতে পেরেছি বলেই মনে হয়!'

## সোনালী আউট রাভিনা ইন

স্টার প্লাসের জনপ্রিয় ট্যালেন্ট শো 'ক্যায়া মান্তি ক্যায়া ধুম'-এর হোস্ট চেইঞ্জ হচ্ছে। এই আগস্ট থেকেই সোনালী বেন্দ্রের জায়গায় শো'টির হোস্টিং করবেন আরেক বলিউড অভিনেত্রী রাভিনা ট্যান্ডন। স্টার প্লাসে শো'টি ৫২ সপ্তাহ পার করেছে। আর এ ৫২ পর্বের মাধ্যমে সোনালীর সঙ্গে অর্গানাইজারদের ১ বছরের চুক্তি শেষ হয়ে গেছে। তাই তারা শো'টির ফ্রেশনেস ঠিক রাখতেই নতুন একজন হোস্ট রাখছেন। 'ক্যায়া মান্তি ক্যায়া ধুম' উপস্থাপনা করে সোনালী প্রচণ্ড জনপ্রিয়তা পেয়েছেন। যদিও রূপালি পর্দায় তাকে তেমন সরব থাকতে দেখা যায়নি। আর রাভিনার এটা ই হবে টিভিতে প্রথম অনুষ্ঠান। রাভিনা এবং আয়োজকরা আশা করছেন, অনুষ্ঠানটি আগের জনপ্রিয়তা ধরে রাখতে সক্ষম হবে।

রাভিনা



শেখ মন্জু

## রূপকথার বিয়ে...

বিটলসখ্যাত স্যার পল ম্যাক-কার্টনী রূপকথার মতো এক বিয়ের আয়োজন করলেন। জুনের প্রথম সপ্তাহে আয়োজিত বিয়েটি ছিলো তার নিজেরই। প্রথম স্ত্রী লিভা ম্যাককার্টনী ক্যান্সারে মারা গেলে পলের সম্পর্ক গড়ে ওঠে হিদার মিল্‌স-এর সঙ্গে। তার ডিজাইনার মেয়ে স্টেলা ম্যাককার্টনী হিদারের সঙ্গে সম্পর্ক মেনে নিতে চাননি। বিয়েতে তাই মেয়েকে মিস করেছেন পল। আয়ারল্যান্ডের সেভেনটিন্থ সেঞ্চুরি ক্যান্সলে অনুষ্ঠিত বিয়েতে ৫৯ বছর বয়সী পল খরচ করেছেন প্রায় ১ মিলিয়ন পাউন্ড। বিটলস তারকা রিঙ্গো স্টার, ক্ল্যাসিকাল গিটারিস্ট এরিক ক্ল্যাপটন প্রায় সারাক্ষণই বর-কনেকে সঙ্গ দিয়েছেন।



ছবিতে বিয়ের অনুষ্ঠানে হিদার-পল



সোনালী বেন্দ্রে